Sem – II
Course – B.Sc – 1B (CC-2)
Sub – Philosophy
Topic – Realism

বস্তুবাদ বলতে কী বোঝায়? (Definition of Realism)

⇒ জ্ঞেয় বস্তুর স্বরূপ কী? এই প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে দার্শনিকগণ দুটি বিপরীত মতের সম্মুখীন হন। এক হল বস্তুবাদ, আর অপর মতটি হল ভাববাদ। বস্তুবাদীরা জ্ঞেয় বস্তুর জ্ঞান-নিরপেক্ষ স্বতন্ত্র অস্তিত্ব স্বীকার করেন। অপর দিকে ভাববাদীরা জ্ঞেয় বস্তুর জ্ঞান-নিরপেক্ষ স্বতন্ত্র অস্তিত্ব স্বীকার করেন না। আজ আমরা বস্তুবাদ নিয়েই আলোচনা করব।

যে মতবাদে জ্ঞেয় বস্তুর জ্ঞান-নিরপেক্ষ বা মন-নিরপেক্ষ স্বতন্ত্র অস্তিত্ব স্বীকার করা হয়, তাকে বস্তুবাদ বলে এবং এই মতবাদে যারা বিশ্বাসী তাদের বস্তুবাদী বলা হয়। বস্তুবাদ অনুযায়ী জ্ঞানের বিষয় কোনো প্রকারেই জ্ঞানের উপর নির্ভরশীল নয়। কাজেই বস্তুর জ্ঞান-নিরপেক্ষ সত্তা আছে এবং বস্তু যে ভাবে বাইরে জগতে অবস্থান করে, সেভাবেই ব্যক্তি-জ্ঞানে ধরা পড়ে। যেমন- কক্ষে রাখা টেবিলটির অস্তিত্ব আমাদের জ্ঞানের উপর নির্ভরশীল নয়। কারণ টেবিলটিকে জানলেও তার অস্তিত্ব থাকবে আবার না জানলেও তার অস্তিত্ব থাকবে। টেবিলটির তাই জ্ঞান-নিরপেক্ষ বা মন-নিরপেক্ষ স্বতন্ত্র অস্তিত্ব আছে।

— o —

Scanned with OKEN Scanner